

Date: 18. 01.2017


Enclosed is the news item appearing in 'Dainik Statesman' a Bengali daily dated 18.01.2017, captioned ' ছিনতাইকারীদের প্রহারে বৃদ্ধের মৃত্যু

The Superintendent of Police, Paschim Medinipur is directed to furnish a report within four weeks i.e. 23.02.2017 enclosing thereto:-


- (a) Statement, address and full particulars of the deceased Barid Baran Sahu's son.



(Justice Girish Chandra Gupta)
Chairperson



(Napanarajit Mukherjee)
Member



(M/S. Dwivedy)
Member

Encl: News Item Dt. 18. 01. 17

Ld. Registrar to keep NHRC posted about cognizance taken on the subject by WBHRC.



ছিনতাইকারীদের প্রহারে বৃদ্ধের মৃত্যু

নিজস্ব সংবাদদাতা, পশ্চিম মেদিনীপুর, ১৭ জানুয়ারি—ঝাড়গ্রাম শহরে বলরামডিহি এলাকার বাসিন্দা বারিদবরুণ শর্মা (৭০) তার পরিবারের ব্যয়বহন হিসেবে নিয়ে পূর্ব বেড়িতে গিয়েছিলেন। সেখানে গাড়ি পূর্বা থেকে বর্তমান স্টেশনে নেমে গাড়ি বন্দে বারিদবরুণ শর্মা ও তাঁর পরিবারের লোকজন ঝাড়গ্রামের বলরামডিহিতে ফিরছিলেন। ৪ জন মহিলা, ৩ জন পুরুষ মিলিয়ে মোট ৭ জন ছিলেন বারিদবরুণ গাড়িতে। ৬ নম্বর জাতীয় সড়ক দিয়ে লোকাউট হয়ে যখন ঝাড়গ্রাম যাচ্ছিল বারিদবরুণ গাড়িটি, সেই সময় সেমবার রাত ১২টা নাগাদ ঝাড়গ্রাম শহরে ঢোকার মুখে কলাবনির কাছে ছিনতাইকারীরা রাস্তার ওপর গাছ ফেলে দেয়।

বারিদবরুণের গাড়িটি রাস্তার ওপর গাছ পড়ে থাকায় দাঁড়িয়ে যায়। সেই সময় তত্কালে লুকিয়ে থাকা ছিনতাইকারীরা জঙ্গল থেকে ছুটে এসে বারিদবরুণের গাড়ির উপর হামলা চালায়। গাড়িতে থাকা চারজন মহিলা ও তিনজন পুরুষের কাছে থাকা নগদ টাকা ও মোবাইল ফোন সহ যা কিছু ছিল, সমস্ত কিছু ছিনতাই করে নেয়।

বারিদবরুণ বাধা দিতে গেলে ছিনতাইকারীরা তাঁকে বেদম প্রহার করে, সেই সময় লোথান্ডির দিক থেকে একটি গাড়িকে আসতে দেখে ছিনতাইকারীরা জঙ্গলের ভিতরে চলে যায়। বারিদবরুণ গাড়িতে থাকা সকলের চিৎকারে স্থানীয় বরিয় গ্রামের মানুষ ঘটনাস্থলে আসে। তাদের সহযোগিতায় বারিদবরুণ

সহকে আশঙ্কাজনক অবস্থায় ঝাড়গ্রাম সুপার স্পেশালিটি হাসপাতালে নিয়ে এসে ভর্তি করলে ডাক্তারবাবুরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন। ছিনতাইকারীর প্রহারে ৭০ বছরের বৃদ্ধ বারিদবরুণ মৃত্যুতে ঝাড়গ্রাম শহরে চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। তাঁর পরিবারে নেমে আসে শোকের ছায়া। বারিদবরুণ জন্মই মঙ্গলবার সকালে ঝাড়গ্রাম খানায় অভিযোগ দায়ের করেছেন। ঝাড়গ্রাম থানার পুলিশ ওই ঘটনার তদন্ত শুরু করেছে। বারিদবরুণ ছেলেরা বাইরে থাকায় মঙ্গলবার তাঁর মৃতদেহ ময়নাতদন্ত করা হয়নি। মৃতদেহটি ঝাড়গ্রাম সুপার স্পেশালিটি হাসপাতালের মর্গে রাখা হয়েছে। বুধবার বারিদবরুণ দেহ ময়নাতদন্ত করা হবে।